# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০৩ জানুয়ারি, ২০০৪ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড |
| সভাপতি | ঃ | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন আনিসুর রহমান, পিএসসি<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | মেজর আ ম ম আ কায়সার, বিএসসি ইঞ্জিঃ<br>ভারপ্রাপ্ত অধিনায়ক<br>সিএমইএস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | মেজর আব্দুল রশিদ আকন্দ<br>প্রতিনিধি<br>কমান্ড্যান্ট, এস ই এম ও<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি ভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

স্তাব নং-১ ঃ গত ০৮ ডিসেম্বর, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

হীত সিদ্ধান্ত ঃ গত ০৮ ডিসেম্বর, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

স্তাব নং-২ ঃ নভেম্বর, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

ীত সিদ্ধান্ত ঃ নভেম্বর, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

াব নং-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

ীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

চলমান পাতা-২

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলায় ৬ষ্ঠ শ্রেণী চালুকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর ১৪ ডিসেম্বর, ২০০৩ তারিখের আবেদনপত্র, শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর সম্মতিপত্র এবং উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের পক্ষ হতে প্রাপ্ত আবেদনপত্র সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবটি নীতিগতভাবে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবনাটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৫ ঃ জনাব মোঃ কবির হোসেন সিকদার, আইন উপদেষ্টা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৮ ডিসেম্বর, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে সর্বসাকুল্যে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানীতে তাঁর নিয়োগের মেয়াদ ০১ জানুয়ারি ২০০৪ হতে ০২(দুই) বছরের জন্য বর্ধিত করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে তাঁর আবেদনপত্র পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবের বিষয়ে আলোচনান্তে জনাব মোঃ কবির হোসেন সিকদার, আইন উপদেষ্টা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে সর্বসাকুল্যে মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা সম্মানিতে তাঁর নিয়োগের মেয়াদ ০১ জানুয়ারি, ২০০৪ হতে ৩০ জুন, ২০০৪ পর্যন্ত আরো ০৬(ছয়) মাস বর্ধিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৬ ঃ শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগস্থলে দক্ষিণ পার্শ্বের খালি জায়গার সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন ধরনের শোভা বর্ধনকারী চারা গাছ ক্রয়ের নিমিত্তে গত ১৪ ডিসেম্বর, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাহের এন্টারপ্রাইজ কর্তৃক ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্নদর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্নদর অনুমোদন করা হলো। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

প্রস্তাব নং-৭ ঃ ঢাকা সেনানিবাস বাজার এলাকাসহ অন্যান্য এলাকায় অননুমোদিত নির্মাণ ও অতিরিক্ত জমি দখলকরণ প্রসংগে প্রণীত তালিকার উপর আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৫ নভেম্বর, ২০০৩ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সংশ্লিষ্ট পত্রটি অবহিত হওয়া গেল। ঢাকা সেনানিবাস বাজার এলাকার অননুমোদিত নির্মাণের খসড়া তালিকার উপর বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত দখলকৃত জমি উদ্ধারের জন্য সংশ্লিষ্ট প্লট মালিকের উপর চাপ অব্যাহত রাখা হোক। খসড়া তালিকাটি যাচাই-বাছাই করে অননুমোদিত যাবতীয় অংশের জন্য প্রতি বর্গফুট ২০০/- (দুইশত) টাকা করে ক্ষতিপূরণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো। এতদ্ব্যতীত অননুমোদিত টিনসেড ও ০৬(ছয়) তলার উপর ০৭(সাত) তলায় অননুমোদিত যাবতীয় নির্মাণ যথাবিধি ভেঙ্গে ফেলার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রাধিকার – সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৫ নভেম্বর, ২০০৩ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৩৯/শা-৩/১১ নং পত্র।

প্রস্তাব নং-৮ ঃ ডিওএইচএস বারিধারার দক্ষিণ দিকের গেইটের পূর্ব পার্শ্বের এলাকার মাটি সমানকরণ ও কাঁটা তারের বেড়া নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে বারিধারা ডিওএইচএস এসোসিয়েশনের ২১ নভেম্বর, ২০০৩ তারিখের ০০৫/এ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনান্তে ডিওএইচএস বারিধারার দক্ষিণ দিকের গেইটের পূর্বপার্শ্বের এলাকার মাটি সমানকরণ ও কাঁটা তারের বেড়া নির্মাণের জন্য ২,৮০,২০৭/-(দুই লক্ষ আশি হাজার দুইশত সাত) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় বারিধারা ডিওএইচএস এর উন্নয়ন ফান্ড হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-৯ ঃ গত ০৮ ডিসেম্বর, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-১৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে বারিধারা ডিওএইচএস এলাকায় ১৩ নং রোড সংলগ্ন দেয়াল ও গেইট নির্মাণের ২,৬০,৯৭৪/- (দুই লক্ষ ষাট হাজার নয়শত চুয়াত্তর) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২,৬০,৯৭৪/-(দুই লক্ষ ষাট হাজার নয়শত চুয়াত্তর) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের ব্যয় বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে নির্বাহ করা যেতে পারে।

প্রস্তাব নং-১০ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রাস্তাসমূহের সংস্কার ও মেরামত কাজের মূল্যানুমানের উপর আলোচনা ও সিদ্ধান্ত। সংশ্লিষ্ট ডিওএইচএস কমিটির পত্রসহ মূল্যানুমানসমূহ সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমানগুলি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, যে সমস্ত রাস্তা টি এন্ড টি কর্তৃক খনন করা হয়েছে তার মেরামত কাজ টি এন্ড টি কর্তৃক জমাকৃত অর্থ দ্বারা এবং বাকী রাস্তাগুলি বিধি মোতাবেক সংস্কার ও মেরামত করা হোক।

প্রস্তাব নং-১১ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় সিএসডি ভবনের উত্তর পার্শ্বে খালি জায়গায় শপিং কমপ্লেক্স নির্মাণের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা হয়। সংশ্লিষ্ট কাজের খসড়া নকশা ও মূল্যানুমানের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত প্রকল্পের যাবতীয় ব্যয় দোকানের জন্য প্রাপ্য সালামীর অর্থ দ্বারা সংকুলান করা যেতে পারে। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার দোকান বরাদ্দের নীতিমালা প্রসংগে সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে আলোচনাপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা সেনানিবাসের সিএমএইচ এবং গ্যারিসন সিনেমা হলের সম্মুখস্থ ০২(দুই)টি ফুট ওভার ব্রিজ নির্মাণস্থলের বিদ্যুৎ লাইন ভূ-গর্ভস্থকরণ বাবদ ৮,৫৭,৪৪২.৩৬ (আট লক্ষ সাতান্ন হাজার চারশত বিয়াল্লিশ টাকা ছত্রিশ পয়সা) টাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ডেসকোর অনুকূলে প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২৭ ডিসেম্বর, ২০০৩ তারিখের ৩৯১৮/৩০/এমকিউ-৩ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনান্তে ফুট ওভার ব্রিজ দুটির সম্মুখস্থ বিদ্যুৎ লাইন ভূ-গর্ভস্থকরণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ডেসকোর অনুকূলে ৮,৫৭,৪৪২.৩৬ (আট লক্ষ সাতান্ন হাজার চারশত বিয়াল্লিশ টাকা ছত্রিশ পয়সা) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০০২ইং মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগস্থলে ৫৬ নং বিল্ডিং এর পশ্চিম পার্শ্বের খালি জায়গার সৌন্দর্য বর্ধন। | ২,৪৩,৬৬৪/- টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (২) | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগস্থলে বিজয় কেতনের অনুরূপ ফুটপাত নির্মাণ। | ১,১০,৩৭০/- টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (৩) | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগস্থলে বিজয় কেতনের পশ্চিম পার্শ্বে হানিকম্ব রিফ্লেক্টিভ স্টীকার দ্বারা সাইন বোর্ড স্থাপনসহ পিভিসি পাইপ ড্রেন ও অন্যান্য কাজ। | ৪৫,৫১৩/- টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (৪) | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগস্থলে ৫৬ নং বিল্ডিং এর পশ্চিম পার্শ্বের খালি জায়গার সৌন্দর্য বর্ধনের জন্য মাটি ভরাটকরণ। | ৪৩,৪৩২/- টাকা | আর্মি কঞ্জারভেন্সী খাত হতে। |
| (৫) | রজনীগন্ধা সুপার মার্কেটের দক্ষিণ ব্লকের জন্য গ্রুপ টয়লেট নির্মাণ। | ২,০০,০০০/- টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (৬) | বারিধারা ডিওএইচএস এলাকার ৮ নং রোডের এবং ৭ নং রোডের সংযোগ সড়কে পোলসহ নিরাপত্তা বাতি স্থাপন। | ১০,৭৪৪/- টাকা | রক্ষণাবেক্ষণ খাত হতে। |
| (৭) | প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের নিরাপত্তা বাতির তার বদলকরণ ও ২টি পোল উঠানো এবং স্থাপন। | ২৪,৩৭১/- টাকা | রক্ষণাবেক্ষণ খাত হতে। |
| (৮) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ০৩(তিন)টি পানির ট্যাঙ্ক পরিবর্তন করে ২০০০ লিটারের গাজী প্লাস্টিক পানির ট্যাঙ্ক সরবরাহ ও স্থাপন (আনুসাঙ্গিক পাইপ ও ফিটিংসসহ)। | ৪৭,৪২২/- টাকা | রক্ষণাবেক্ষণ খাত হতে। |
| (৯) | ২০০৩-২০০৪ আর্থিক সালে নিরাপত্তা বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য অত্যাবশ্যকীয় বৈদ্যুতিক ফিটিংস ক্রয়। | ৪,৯২,৭৭৩/- টাকা | রক্ষণাবেক্ষণ খাত হতে। |

গৃহীত সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট ০৯টি কাজের মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহবানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১, ২, ৩, ৫-এ ৪টি কাজের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৪ ঃ ২০০৩-২০০৪ আর্থিক সালের উন্নয়নমূলক প্রকল্পের তালিকার উপর আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে ২০০৩-২০০৪ আর্থিক সালের উন্নয়নমূলক প্রকল্পের একটি তালিকা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২০০৩-২০০৪ আর্থিক সালের উন্নয়নমূলক প্রকল্পের তালিকার উপর বিস্তারিত আলোচনা হলো। প্রকল্পের তালিকাটি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে অগ্রাধিকারের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদন করণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটের বিদ্যুৎ উপ-কেন্দ্রের বৈদ্যুতিক ক্যাবল বদলকরণ। | ১,০৪,৭২৫/-টাকা | মেসার্স ফরিদা ট্রেডার্স | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| (২) | রজনীগন্ধা সুপার মার্কেটের " এ " ব্লক হতে " সি" ব্লকের উত্তর কোণা পর্যন্ত ওভারহেড লাইনের তার বদলকরণ। | ১,৭৬,৬৮০/-টাকা | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ০৪.৯৯% উর্ধ্বে | সিডিউল সমহার | -ঐ- |
| (৩) | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিমপার্শ্বে স্বাধীনতা চত্বরের উত্তর পশ্চিম কর্ণারে হার্ডস্ট্যান্ড নির্মাণকরণ। | ২,৫২,১৭৬/-টাকা | মেসার্স ফ্রেন্ডস কর্ণার | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | -ঐ- |
| (৪) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের কনফারেন্স রুমের কার্পেটসহ ভবনের ভিতর বাহিরের প্রয়োজনীয় মেরামত ও রং চুনার কাজ। | ২,৩২,৪৮৪/-টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | রক্ষণাবেক্ষণ খাত হতে। |
| (৫) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী এর জানালায় গ্লাস শীট সরবরাহ ও স্থাপনসহ ইটের সলিং রাস্তা নির্মাণ। | ৩৯,৫২২/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৪.৭৫% উর্ধ্বে | ০৪.৭৫% উর্ধ্বে | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |
| (৬) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ মোস্তফা কামাল লাইন ও স্টাফ রোড সংলগ্ন কোয়ার্টারের ছেলে মেয়েদের খেলাধুলার জন্য ০২টি 'সি-স' ও ০২টি দোলনা সরবরাহ ও স্থাপন। | ৪৭,৩২৩/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |
| (৭) | ঢাকা সেনানিবাসস্থ জিয়া কলোনীর শিশু পার্ক মেরামত ও রংকরণ। | ৩৬,৭৫২/- টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ০৪.৪০% উর্ধ্বে | ০৪.৪০% উর্ধ্বে | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |
| (৮) | ঢাকা সেনানিবাসস্থ সেনাপল্লী শিশুপার্ক মেরামত ও রংকরণ। | ২৭,৮৭৫/- টাকা | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ০৪.৭০% উর্ধ্বে | ০৪.৭০% উর্ধ্বে | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |
| (৯) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ মান্নান লাইন (মালবিকা সংলগ্ন) শিশু পার্ক মেরামত ও রংকরণ। | ১৭,১৫৫/-টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ০৪.৫০% উর্ধ্বে | ০৪.৫০% উর্ধ্বে | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |
| (১০) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ হামিদ লাইনের স্টাফ কোয়ার্টারে বসবাসরত ছেলেমেয়েদের (সেনাসদর প্রশাসনিক শাখা ও সিওডির কর্মকর্তা ও কর্মচারী) খেলাধুলার জন্য শিশুপার্ক নির্মাণ। | ৬২,৩৫৪/- টাকা | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ০৪.৫০% উর্ধ্বে | ০৪.৫০% উর্ধ্বে | ২০০৩-২০০৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে। |

চলমান পাতা-৬

ীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এম ই এস-এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর এম ই এস কর্তৃক ভেটিংপূর্বক নির্ধারণ করা হয়েছে। কাজগুলি জরুরী বিধায় অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাঁদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণ করতঃ কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

(১) ০৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(২) সিডিউল সমহার।

(৩) ০৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।

(৪) সিডিউল সমহার দর অনুমোদিত

(৫) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত

(৬) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত

(৭) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত

(৮) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত

(৯) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত

(১০) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

স্তাব নং-১৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত ১১(এগার)টি প্রকল্প/মেরামত কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলোঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটে যানবাহন সংকেত মেরামত কাজ। | মাইক্রো ইলেকট্রোনিক্স লিঃ |
| ২। | শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ মঈনুল রোডের উভয়পার্শ্বে প্রতিরক্ষা বাতি, বৈদ্যুতিক পোল, সিগন্যাল পোল রংকরণ ও নাম্বারকরণ কাজ। | মেসার্স আলেক ইঞ্জিনিয়ার্স |
| ৩। | বারিধারা ডিওএইচএস এলাকার সিকিউরিটি গার্ডদের জন্য ব্যারাক নির্মাণ। | নাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল |
| ৪। | বারিধারা ডিওএমইচএস এলাকার ৪৮৯/বি, ৪৯১ নং প্লটের পিছনে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | মেসার্স বসুন্ধরা ট্রেডার্স |
| ৫। | বারিধারা ডিওএইচএস এলাকায় প্লট নং-৪৮৫ হতে ৪৯৫/বি, ৪৮৯ হতে ৪৯১/এ, ৪৭০ হতে ৫১৪ পর্যন্ত ৩টি রাস্তা মেরামতও কার্পেটিং কাজ। | মেসার্স প্রগতি প্রকৌশলী |
| ৬। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত দোকান নং-ডি/৮১-২ এর পার্শ্বে ড্রেন ও স্ল্যাব নির্মাণ। | মেসার্স প্রগতি প্রকৌশলী |
| ৭। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের আভ্যন্তরীন রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | মেসার্স সরকার ট্রেডার্স |
| ৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার সেন্ট্রাল রোডসহ অন্যান্য রোড মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স এ কে কনস্ট্রাকশন |
| ৯। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির উভয়পার্শ্বের ফুটপাত, গাছের গোড়া, এয়ার হেডকোয়াটারের সামনের পার্ক,এয়ার হাউজের দক্ষিণ পার্শ্বের পার্ক, শাহীন হলের সামনে, আর আই এসের সামনে, কুর্মিটোলা শাহীন কলেজের পার্শ্বের বাসস্ট্যান্ড, ব্রডওয়ে মার্কেট, ক্যান্টনমেন্ট বোর্ড অফিস, এয়ার হাউজ, শহীদ আনোয়ার গার্লস কলেজের সামনে ফুটপাতের পার্শ্বের গ্রীল ইত্যাদি রংকরণ কাজ। | সনিকা ইন্টারন্যাশনাল (প্রাঃ) লিঃ |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১০। | শিখা অনির্বাণের সামনের গ্রীল, ফুটপাত, ঈদগাহ মাঠের গ্রীল, এমইও অফিসের বাউন্ডারী ওয়াল, কেন্দ্রীয় মসজিদের ওভারহেড ট্যাঙ্ক, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বাউন্ডারী ওয়াল ইত্যাদি রংকরণ। | মেসার্স মুক্তি প্রকৌশলী |
| ১১। | শহীদ জাহাঙ্গীর গেইটের আইল্যান্ড, শহীদ মঈনুল রোডের আইল্যান্ড, সেনাসদরের সম্মুখের আইল্যান্ড, ট্রাফিক পোস্ট, ডিভাইডার, স্টাফ রোডের পার্ক, শহীদ সরণির সাইন বোর্ড ইত্যাদি রংকরণ। | মেসার্স মুক্তি প্রকৌশলী |

গৃহীত সিদ্ধান্ত ঃ জামানত ফেরতযোগ্য প্রকল্প/মেরামত কাজের উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের গুণগতমান যাচাই-বাছাই করে ১১(এগার)টি কাজের জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৭ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় সিএস প্লট নং-১৭১ (আংশিক) ও ১৭২(আংশিক) দাগে সেনা কল্যাণ সংস্থার "অন্যন্যা শপিং কমপ্লেক্স" নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সেনাকল্যাণ সংস্থার ০৩ ডিসেম্বর, ২০০৩ তারিখের এসকেএস/অনন্যা/২৯-এফ/৭৬৩/৬৬৫৯ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকায় সিএস প্লট নং-১৭১ (আংশিক) ও ১৭২(আংশিক) দাগে সেনাকল্যাণ সংস্থার অনন্যা শপিং কমপ্লেক্স নির্মাণের নকশা অনুমোদনের বিষয়টি ডিওএইচএস কমিটির আগামী সভায় উত্থাপনের জন্য বিস্তারিত ব্যাখ্যাসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ডি ও এইচ এস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ১২টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলোঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জি এম ফজলুল হক | ২০৬/এ | মহাখালী ডিওএইচএস | - |
| ২। | এয়ার কমডোর মির্জা আকতার মারুফ (অবঃ) | ৫৪৩/এ | বারিধারা ডিওএইচএস | - |
| ৩। | ক্যাপ্টেন কাজী মাহবুব হাসান | ৪৮৩ | ।। | সংশোধিত |
| ৪। | ক্যাপ্টেন আমজাদ হোসেন, বি এন | ৫৩৭ | ।। | - |
| ৫। | ব্রিগেঃ জেনাঃ আনোয়ার ফরিদ | ১২১ | ।। | - |
| ৬। | মেজর নাসির উদ্দিন (অবঃ) | ২৬৬ | মিরপুর ডিওএইচএস | |
| ৭। | মিসেস লুৎফুনাহার বেগম গং | ৩৮১ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত |
| ৮। | মেজর কামরুল হাসান ভূঁইয়া (অবঃ) | ৪৪৮/এ | ।। | - |
| ৯। | ব্রিগেঃ জেনাঃ গোলাম রাব্বানী | ৪০৮/১ | বারিধারা ডিওএইচএস | - |
| ১০। | লেঃ কর্ণেল মোঃ আবুল কাসেম (অবঃ) | ১৪০ | ।। | সংশোধিত |
| ১১। | সাইফুল আহমদ চৌধুরী গং | ৬৭ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | - |
| ১২। | বৃটিশ আমেরিকান টোব্যাকো কোম্পানী, মহাখালী | - | মহাখালী | - |

হীত সিদ্ধান্ত ঃ অবহিত হওয়াসহ নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

স্তাব নং-১৯ ঃ ইলেক্ট্রিক লাইনম্যান হেলপারের শূন্য পদে ০১ ডিসেম্বর, ২০০৩ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য বর্তমানে মাস্টার রোলে কর্মরত অভিজ্ঞ শ্রমিককে নিয়োজিত রাখার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

হীত সিদ্ধান্ত ঃ ইলেকট্রিক লাইনম্যান হেলপারের শূন্যপদে ০১ ডিসেম্বর, ২০০৩ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য বর্তমানে মাষ্টার রোলে নিয়োজিত অভিজ্ঞ শ্রমিককে দৈনিক ৮০/-(আশি)টাকা মজুরীর ভিত্তিতে নিয়োজিত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২০ ঃ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ঈদের জামাতের জন্য কেন্দ্রীয় মসজিদ ঈদগাহ্ মাঠে ত্রিপলসহ বিছানা দিয়ে সাজানো এবং গেইট তৈরীর জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২২ নভেম্বর, ২০০৩ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সাগর ডেকোরেটর, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস ৩৬,৭০০/- (ছত্রিশ হাজার সাতশত) টাকার সর্বনিম্ন দর প্রদান করেন। উক্ত দর অত্যধিক বিবেচিত হওয়ায় দরদাতাকে আরো দর কমানোর জন্য বলা হলে তিনি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকায় উক্ত কাজ সম্পাদন করতে সম্মত হন। সেপ্রেক্ষিতে কাজটি জরুরী বিধায় সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ড গত ২৪ নভেম্বর, ২০০৩ তারিখে মিনিটশীটের মাধ্যমে দর অনুমোদন করেন। দরটি ঘটনোত্তর অনুমোদনের নিমিত্তে মিনিটশীটসহ উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা সেনানিবাসে শোভা বর্ধনের জন্য প্রধান সড়কের পার্শ্বে ড্রামে ফুলের চারা রোপণের নিমিত্তে ১০০টি ড্রাম ক্রয়ের জন্য গত ১৭ ডিসেম্বর, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স এস এস এন্টারপ্রাইজ, ১৮৮ ধামালকোট, ঢাকা সেনানিবাস কর্তৃক ৪২,৭৪৫/- (বিয়াল্লিশ হাজার সাতশত পয়তাল্লিশ) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

প্রস্তাব নং-২২ ঃ স্বাধীনতা সরণিতে প্লাস্টিকের টবে রোপণের জন্য ২৩৫টি সালভিয়ার টব ফুলসহ (প্রতিটি টবে ৩টি চারা) সরবরাহের নিমিত্তে গত ১৫ ডিসেম্বর, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক ১১,৭৫০/- (এগার হাজার সাতশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

প্রস্তাব নং-২৩ ঃ ঢাকা সেনানিবাসস্থ স্টাফরোড, সেনাকুঞ্জের প্রবেশ ও বাহির পথে এবং ৩য় গেইটের আইল্যান্ড এবং চারিতে রোপণের জন্য বিভিন্ন জাতের হাইব্রিড জাতের ফুলের চারা সরবরাহের নিমিত্তে ২০ ডিসেম্বর, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ধানমন্ডি নার্সারী কর্তৃক ৩৪,৬৮৫/- (চৌত্রিশ হাজার ছয়শত পচাশি) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

ব নং-২৪ ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে রোপণের নিমিত্তে ৭৫০০টি সালভিয়া ফুলের চারা পলিব্যাগে সরবরাহের নিমিত্তে ০১ ডিসেম্বর, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৪ (চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে ধানমন্ডী নার্সারী কর্তৃক ৩৭,৫০০/- (সাইত্রিশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ত সিদ্ধান্ত ঃ সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

ব নং-২৫ ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে রোপণের নিমিত্তে ৭৫০০টি ডালিয়া ফুলের চারা সরবরাহের নিমিত্তে ০৩ ডিসেম্বর, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩ (চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী কর্তৃক ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

ত সিদ্ধান্ত ঃ সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

বিবিধ-১ ঃ
(ক) বারিধারা ডিওএইচএস এলাকার ১৩ নং রোডের পূর্বপার্শ্বে লাইট পোষ্ট পুনঃস্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
(খ) বারিধারা ডিওএইচএস এর রাস্তাসমূহ কার্পেটিং ও ড্রেনেজ-এর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
(গ) বারিধারা ডিওএইচএস এর অনন্যা শপিং কমপ্লেক্সের পার্শ্বে নির্মিত টিনসেড অপসারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্বিষয়ে অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাসের ৩০ ডিসেম্বর, ২০০৩ তারিখের সেক-১১৬/১০৭৭৭ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

ীত সিদ্ধান্তঃ
(ক) ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বারিধারা ডিওএইচএস এলাকার ১৩ নং রোডের পূর্বপার্শ্বে লাইট পোষ্ট পুনঃস্থাপনের ব্যবস্থা নেয়া হোক।
(খ) বারিধারা ডিওএইচএস এর রাস্তাসমূহ কার্পেটিং ও ড্রেনেজ-এর জন্য বিস্তারিত মূল্যানুমান প্রস্তুতপূর্বক আগামী বোর্ডসভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হোক।
(গ) বারিধারা ডিওএইচএস এর অনন্যা শপিং কমপ্লেক্সের পার্শ্বে নির্মিত টিনসেড অপসারণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩/১/০৪

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।